Department of Education
Chancellor Richard A. Carranza

18 ডিসেম্বর 2020

প্রিয় পরিবারবর্গ,

নতুন সব চ্যালেঞ্জ ও কঠিন সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে এই বছরটি পার হয়েছে, এবং আমরা অজানা সব বাঁধা মোকাবিলার মাধ্যমে আমাদের সামগ্রিক দৃঢ়তা ও সহিষ্ণুতার পরীক্ষা দিয়েছি। কীভাবে "স্কুলে উপস্থিত হবে," সেটা থেকে শুরু করে গ্রেড প্রদানের নীতি, উপস্থিতি হিসাব রাখা, এবং বাকি সবকিছুতেই, দেশের সবচেয়ে বড় স্কুল সিস্টেম হিসেবে আমাদের শিক্ষার ভিত্তিগুলো নতুন করে ভাবতে হয়েছে।

আজ আমি লিখছি আপনার সন্তানের শিক্ষায় আরেকটি মৌলিক স্তম্ভ সম্পর্কে একটি সর্বসাম্প্রতিক সংবাদ নিয়ে: হাই স্কুলের আবেদন ও ভর্তি প্রক্রিয়া, যা শুরু হবে 18 জানুয়ারিতে শুরু সপ্তাহটিতে। এই চ্যালেঞ্জপূর্ণ সময় মোকাবিলা করে একটি নতুন হাই স্কুলে ভর্তির নীতিমালা তৈরিতে আমরা মাসের পর মাস পরিবারদের সাথে কথা বলেছি এবং সতর্কতার সাথে বিশ্লেষণ করেছি, এসময় আপনারা ধৈর্য ধারণ করায় আমি ধন্যবাদ জানাতে চাই। আসন্ন 2021-এর ফল বা হেমন্তে, এই নতুন নীতিমালা আপনার সন্তান ও তার 69,000 অষ্টম গ্রেডের সহপাঠীদের শিক্ষা যাত্রায় আরো ভালভাবে সহায়তা করবে।

আনুমানিক 250টি হাই স্কুলের শহর নিউ ইয়র্ক সিটি যেখানে রয়েছে এলাকাভিত্তিক অগ্রাধিকার, যা কিছু কিছু কঠোর পরিশ্রমী শিক্ষার্থীকে তাদের আবাসিক অবস্থানের ভিত্তিতে কিছু কিছু স্কুলে যাওয়ার সুযোগ সীমিত করে। যদিও, 126 টি হাই স্কুল রয়েছে যেগুলো শিক্ষাগত রেকর্ড, অডিশন, উপস্থিতি, বিশেষ মূল্যায়ন, সাক্ষাৎকার, কিংবা অন্য কোনো মানদণ্ডের ভিত্তিতে শিক্ষার্থীদেরকে ভর্তির জন্য বাছাই ("screen") করে নেয়। শিক্ষার্থীরা কোনো একটি স্কুলে ভর্তির জন্য উপযুক্ত কিনা, সেটা নির্ণয় করতে অতীতে শিক্ষার্থীর লেখাপড়ার রেকর্ড ব্যবহার করেছে। আজ আমরা আপনাদেরকে যেসব পরিবর্তনের কথা বলছি, সেগুলো এই স্কুলসমূহের জন্য প্রাসঙ্গিক।

এ বছর আমার শিক্ষার্থীর আবাসিক অবস্থান কীভাবে তার হাই স্কুলের আবেদনে প্রভাব রাখবে?

- পরিবারসমূহের জন্য অধিকতর ন্যায়সঙ্গত প্রক্রিয়ার স্বার্থে হাই স্কুলে ভর্তির ক্ষেত্রে ভৌগলিক অগ্রাধিকার আগামী দুই বছরে ধাপে ধাপে বাতিল হবে। এর অর্থ, আগামী বছরের পর এককভাবে শিক্ষার্থীর আবাসিক অবস্থানের ভিত্তিতে নির্দিষ্ট কোনো স্কুলে তার ভর্তির সুযোগ নির্ণীত হবে না।
- হাই স্কুলে ভর্তির ক্ষেত্রে ডিস্ট্রিক্ট-এর অগ্রাধিকার এ বছর স্থায়ীভাবে বাতিল করা হবে, এবং অন্যসব ভৌগলিক অগ্রাধিকার—যেমন বরোতে বসবাসের শর্ত—আগামী বছর বাতিল করা হবে।

এ বছর আমার শিক্ষার্থীর লেখাপড়ায় অর্জিত ফলাফল কীভাবে তার হাই স্কুলের আবেদনে প্রভাব রাখবে?

- হাই স্কুলগুলোর অবশিষ্ট যাচাই বা স্ক্রিনিংয়ের ক্ষেত্রে, স্কুলগুলো চাইলে আগামী বছর তাদের যাচাইয়ের মানদণ্ড প্রত্যাহার বা পরিবর্তন করতে পারবে, কিংবা বহাল রাখতে পারবে।
- যেসব স্কুল লেখাপড়া ভিত্তিক যাচাই বা স্ক্রিন বজায় রাখবে, তাদেরকে হয় এখনই বাড়তি বাছাইয়ের নিয়ম অপসারণ করে, কিংবা ভর্তির ক্ষেত্রে একটি মিশ্র অগ্রাধিকারনীতি বেছে নিয়ে সামগ্রিক ন্যায্যতার জন্য তাদের প্রক্রিয়া জুড়ে একটি সমঝোতামূলক উদ্যোগ নিতে হবে।
    - আনুমানিক 100টি NYC পাবলিক স্কুল বর্তমানে নির্ধারিত কিছু শ্রেণীর শিক্ষার্থীদের অগ্রাধিকার দেয়, তাদের মধ্যে আছে নিম্ন-আয়ের শিক্ষার্থী, ইংরেজি ভাষা শিক্ষার্থী, এবং সাময়িক আবাসনে বসবাসকারী শিক্ষার্থী, তবে তা এদের মধ্যেই সীমিত নয়। আমরা আরো স্কুলকে ভিন্ন ভিন্ন অতীত অবস্থা থেকে আসা শিক্ষার্থীদের জন্য সুযোগ সম্প্রসারণের আহ্বান জানাই।
- যেসব হাই স্কুল শিক্ষাগত যাচাই বা স্ক্রিনিং প্রক্রিয়া বজায় রাখবে, তাদের জন্য স্কুল প্রতিষ্ঠিত মানদণ্ডের উপর ভিত্তি করে 2018-2019 সালের স্টেটের পরীক্ষাসমূহের মিশ্রিত ফলাফল, পূর্ববর্তী বছরের গ্রেড এবং অথবা অন্য কোনো মানদণ্ড ব্যবহার করা হবে।
- স্কুলগুলোকে তাদের অ্যাকাডেমিক যাচাইয়ের বা স্ক্রিনিংয়ের মানদণ্ড মাইস্কুলস্‌এ বাধ্যতামূলকভাবে প্রকাশ করতে হবে।

Department of Education
Chancellor Richard A. Carranza

আঞ্চলিক অগ্রাধিকার ও বাছাইকৃত স্কুলগুলোর বাহিরে, সিটিতে স্পেশালাইজড্ হাই স্কুলও রয়েছে। স্টেটের আইন অনুযায়ী সেসব স্কুলর জন্য বাধ্যতামূলকভাবে DOE-কে স্পেশালাইজড্ হাই স্কুল অ্যাডমিশন্স টেস্ট (SHSAT) গ্রহণ করতে হবে। আমাদের স্টাফ ও শিক্ষার্থীদের স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য শিক্ষার্থীদের যাতায়াত ও শিক্ষার্থী দলকে একত্রিত হওয়া হ্রাস করার জন্য SHSAT পরীক্ষা শিক্ষার্থীদের নিজ নিজ মিডল্ স্কুলে নেয়া হবে। পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন শুরু হবে 21 ডিসেম্বর, 2020 তারিখ থেকে এবং শেষ হবে 15 জানুয়ারি, 2021 তারিখ। পরীক্ষা গ্রহণ শুরু হবে জানুয়ারির শেষে দিকে।

আমরা কেন পরিবর্তন করছি?

চ্যান্সেলর হিসেবে, আপনাদের প্রত্যেকের সন্তানদের যতটুকু সম্ভব উচ্চ-মানসম্পন্ন শিক্ষাদান করতে আমি দায়বদ্ধ, যেন তারা একটি সফল, ফলপ্রসূ জীবনের জন্য প্রস্তুত হয়, এবং তাদের স্বপ্ন পূরণের জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করে ক্ষমতায়িত হয়। আমাদেরকে অবশ্যই আমাদের সিটি ও স্কুল সিস্টেমের অতীতের অসমতার বিরুদ্ধে কাজ করতে হবে, যা COVID-19 স্বাস্থ্য সঙ্কটের ফলে অ-শ্বেতাঙ্গ কমিউনিটি, আমাদের ইমিগ্র্যান্ট পরিবার, সেসব শিক্ষার্থী যাদের পিতামাতারা বাড়ি থেকে কাজ করার সুযোগ পায়নি, এবং আরো অনেকের জন্য এই বছর আরো বৃদ্ধি পেয়েছে।

যেখানে তাদের উদ্দেশ্য পূরণের পথে অগ্রসর করার মতো অনেক কিছু আছে, এসব পরিবর্তন ব্যবস্থা জুড়ে ভর্তির ক্ষেত্রে আমরা যে সমস্যার মুখোমুখি হই, সেগুলোর প্রতিবিধান করবে। বাছাইগুলো বহু শিক্ষার্থীদেরকে লেখাপড়ায় ভালো পরিষেবাদানের ক্ষেত্রে বাধাস্বরূপ, এই বিবেচনায় এগুলো পরিবার, শিক্ষার্থী এবং বাছাইকারী স্কুলগুলোর নেতৃত্বের উদ্বেগ দূর করবে। সুতরাং, আমরা পদক্ষেপ গ্রহণ করছি।

আপনাকে এই প্রক্রিয়া বুঝতে এবং আপনার শিক্ষার্থীর জন্য হাই স্কুলে উৎকর্ষ অর্জনে আমাদের স্কুল ও অফিসগুলোকে নতুন পথনির্দেশনা ও রিসোর্স প্রদান করবো। এই প্রক্রিয়াটি সম্পর্কে আরো জানতে আপনি শুরু করতে পারেন schools.nyc.gov/high ওয়েবসাইট দেখে এবং আবেদনের সময় শুরু হওয়ার পর প্রস্তুতি গ্রহণের জন্য মাইস্কুলস্ অ্যাকাউন্ট প্রস্তুত করতে myschools.nyc ওয়েবসাইট দেখে। আপনার সন্তানের স্কুল কাউন্সিলারের সাথে যোগাযোগ করতে দ্বিধা করবেন না—এই প্রক্রিয়ায় তিনি হচ্ছেন আপনার পথ প্রদর্শন। আপনি একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারেও যোগাযোগ করতে পারেন (কীভাবে করতে হবে তা জানুন schools.nyc.gov/welcomecenters সাইটে) অথবা ফোন করুন 718-935-2009 নম্বরে।

এই পরিবর্তন প্রদর্শন করছে আমাদের আদর্শ কার্যে পরিণত হতে পারে, এবং কোনো নীতিমালা অথবা কার্যপন্থাই, এমনভাবে গাঁথা নয় যে আমাদের সকল ছেলেমেয়ের জন্য সংশোধন করা যাবে না। আমাদের সেসব স্কুলের প্রতি বিশ্বাস আছে যা সকল শিক্ষার্থীকে শিক্ষাগতভাবে সেরা শিক্ষার সমান সুযোগ দেবে। আমরা জানি আরো কাজ রয়ে গেছে, অতএব স্কুল কমিউনিটিগুলোর সাথে আমরা আরো আলোচনায় সম্পৃক্ত হবো, যেন 2021-এর সেপ্টেম্বরের পরেও যাচাই বা স্ক্রিন ব্যবহারে সম্প্রসারণ করা যায়।

আমি আপনাদের সবাইকে আপনাদের সহযোগিতার জন্য ধন্যবাদ জানাচ্ছি। আপনার সন্তান—এবং তাদের 1.1 মিলিয়ন সহপাঠির প্রত্যেকে—পৃথিবীর সর্বশ্রেষ্ঠ সিটিতে সর্বোচ্চ সম্ভব শিক্ষা গ্রহণ নিশ্চিত করায় আমাদের লক্ষ্যে আমরা ঐক্যবদ্ধ।

বিনীত,



রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)
চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন